

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩৩

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৪. যখন কোনো লোক (সালাত আদায় করতে গিয়ে) তিন রাকা'আত নাকি চার রাকা'আত আদায় করেছে, তা বুঝতে পারে না

بَابِ الرَّجُلُ لَا يَدْرِي أَثَلَاثًا صِلَّى أَمْ أَرْبَعًا

আর্বী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ هُوَ ابْنُ أَبِي سَلَمَةَ الْمَاجِشُونُ أَخْبَرَنَا زَيْدُ بُنُ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنُ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ وَالْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا لَمْ يَدْرِ أَحَدُكُمْ أَثَلَاثًا صَلَّى أَمْ أَرْبَعًا فَلْيَقُمْ فَلْيُصَلِّ رَكْعَةً ثُمَّ يَسْجُدُ بَعْدَ ذَلِكَ سَجَدْتَيْنِ فَإِنْ كَانَ صَلَّى أَرْبَعًا كَانَتَا تَرْغِيمًا سَفَعَتَا لَهُ صَلَاتَهُ وَإِنْ كَانَ صَلَّى أَرْبَعًا كَانَتَا تَرْغِيمًا لِلشَّيْطَانِ قَالَ أَبُو مُحَمَّد آخُذُ بِهِ

বাংলা

১৫৩৩. আবী সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যখন তোমাদের কেউ এরূপ মনে করতে না পারবে যে, সে কত রাকা'আত সালাত আদায় করেছে, চার রাকা'আত- নাকি তিন রাকা'আত, তখন সে যেন দাঁড়িয়ে আরো এক রাকা'আত সালাত আদায় করে অতঃপর এরজন্য বসা অবস্থায় দু'টি (সাহু) সিজদা করে। ফলে যদি (মোট) সে পাঁচ রাকা'আত সালাত আদায় করে থাকে, তবে এ দু'টি (সাজদা) তার সালাতকে জোড় বানিয়ে দিবে। আর যদি সে চার রাকা'আত আদায় করে থাকে, তবে এ দু'টি (সাজদা) হবে শয়তানের জন্য লাঞ্ছনা (বা মাটি নিক্ষেপ) স্বরূপ।"[1]

আবু মুহাম্মদ বলেন: আমি এ মত গ্রহণ করেছি।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম (মাসাজিদ) ৫৭১। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ১১৪১, ১২৪১



ও সহীহ ইবনু হিব্বান নং ২৬৬৩, ২৬৬৪, ২৬৬৭, ২৬৬৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন